



# মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

ইংরেজি বিভাগ

এম এ ইন ইংলিশ প্রোগ্রাম ( শিক্ষাবর্ষ ২০২০-২০২১ )

## ভর্তি সংক্রান্ত তথ্যাবলী

১। প্রোগ্রামের নাম ও মেয়াদ : ক) এম এ ইন ইংলিশ লিটারেচার ০২ (দুই) সেমিস্টার, ০১ (এক) বছর।

খ) এম এ ইন ইংলিশ ল্যাংগুয়েজ টিচিং (ই এল টি) ০২ (দুই) সেমিস্টার, ০১ (এক) বছর।

২। আসন সংখ্যা : এম এ ইন ইংলিশ লিটারেচার এর জন্য সাধারণ আসন সংখ্যা ৩০ (ত্রিশ) টি ও এম এ ইন ইংলিশ ল্যাংগুয়েজ টিচিং (ই এল টি) এর জন্য সাধারণ আসন সংখ্যা ৩০ (ত্রিশ) টি। এছাড়া মুক্তিযোদ্ধা কোটা, পোষ্য কোটা ও উপজাতি কোটায় প্রতি প্রোগ্রামে ০২ (দুই) টি করে মোট ০৬ (ছয়টি) আসন সংরক্ষিত থাকবে।

৩। আবেদন করার জন্য যোগ্য প্রার্থী: ২০১৮ সাল এবং তৎপরবর্তী বছর সমূহে (প্রার্থীর স্নাতক (সম্মান) পরীক্ষার ফলাফল প্রকাশের পর থেকে সর্বোচ্চ ০২ বছরের শিক্ষা বিরতিসহ) ইংরেজি বিষয়ে ৪ (চার) বছর মেয়াদি স্নাতক (সম্মান) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা আবেদন করতে পারবেন। স্নাতক (সম্মান) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকে অবশ্যই ভর্তির সময়ে স্নাতক (সম্মান) পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার প্রমাণপত্র হিসেবে স্নাতক (সম্মান) এর মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট/ মার্কশীট/প্রত্যয়নপত্র ইংরেজি বিভাগে জমা দিতে হবে।

৪। আবেদনকারীর শিক্ষাগত যোগ্যতা: ইউজিসি কর্তৃক স্বীকৃত/ অনুমোদিত যেকোন বিশ্ববিদ্যালয় থেকে ইংরেজি বিষয়ে ০৪ বছর মেয়াদি স্নাতক (সম্মান) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের জন্য ন্যূনতম সিজিপিএ ২.০০ থাকতে হবে।

৫। প্রত্যেক আবেদনকারী ইচ্ছে করলে উভয় প্রোগ্রামে আবেদন করতে পারবে তবে প্রার্থীকে উভয় প্রোগ্রামে আলাদাভাবে আবেদন করতে হবে।

৬। আবেদন পত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্র সংযুক্ত করতে হবে:

ক) সকল পরীক্ষায় উত্তীর্ণ মার্কশীট ও সনদপত্রের সত্যায়িত ফটোকপি।

খ) সদ্যতোলা পাসপোর্ট সাইজের ২ (দুই) কপি সত্যায়িত রঙিন ছবি।

৭। চাকুরীরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের নিকট থেকে অধ্যয়নকালের জন্য পূর্ণ ছুটির নিশ্চয়তার সার্টিফিকেট ভর্তির সময় জমা দিতে হবে। তবে বিশেষ ক্ষেত্রে উক্ত সার্টিফিকেট ক্লাস শুরুর তারিখ হতে পরবর্তী ০১ (এক) মাসের মধ্যে ইংরেজি বিভাগে জমা প্রদান করতে হবে। অন্যথায় প্রার্থীর ভর্তি বাতিল বলে গণ্য হবে।

৮। আবেদনপত্র ও ভর্তিসংক্রান্ত তথ্যাবলী মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট [www.mbstu.ac.bd](http://www.mbstu.ac.bd) থেকে ডাউনলোড করা যাবে। ডাউনলোডকৃত আবেদন ফরমটি যথাযথভাবে পূরন করে আবেদনপত্রের সাথে ১,০০০/= (এক হাজার) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (সভাপতি, ইংরেজি বিভাগ, সোনালী ব্যাংক লিঃ, মাভাবিপ্রবি শাখা বরাবর) ও প্রয়োজনীয় কাগজপত্রাদীসহ প্রার্থীদেরকে ইংরেজি বিভাগে স্বশরীরে অথবা ডাকযোগে (সভাপতি, একাডেমিক কমিটি (মাস্টার্স প্রোগ্রাম) শিক্ষাবর্ষ ২০২০-২০২১, ইংরেজি বিভাগ, মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সন্তোষ, টাঙ্গাইল-১৯০২) জমা দিতে হবে।

৯। ভর্তি পরীক্ষা: ইংরেজি গ্রামার, ইংরেজি ভাষা ও ইংরেজি সাহিত্য বিষয়ের ৫০ নম্বরের লিখিত ও মৌখিক পরীক্ষা অফলাইন অথবা অনলাইনে অনুষ্ঠিত হবে।

১০। ভর্তি পরীক্ষা সংক্রান্ত তথ্যাবলী কোভিড-১৯ পরিস্থিতির পরিপ্রেক্ষিতে যথাসময়ে জানানো হবে।

১১। ভর্তি বিষয়ক যে কোন নিয়ম কানুন পরিবর্তন, পরিবর্তন ও সংযোজনের ক্ষমতা মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১২। কোটা তালিকায় নির্ধারিত প্রার্থীদের ভর্তি মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক সনদপত্রের সত্যায়ন প্রাপ্তি সাপেক্ষে চূড়ান্ত করা হবে।

১৩। ইউজিসি কর্তৃক যে সকল বিশ্ববিদ্যালয়ের সনদপত্র অবৈধ বলে ঘোষিত হয়েছে সে সকল প্রতিষ্ঠানের সনদধারীদের ভর্তির আবেদন গৃহীত হবে না।

(প্রফেসর ড. মোঃ আনিসুর রহমান আনিছ)

চেয়ারম্যান (ভারপ্রাপ্ত), ইংরেজি বিভাগ

ও

সভাপতি

একাডেমিক কমিটি (মাস্টার্স প্রোগ্রাম), ইংরেজি বিভাগ, শিক্ষাবর্ষ ২০২০-২০২১

মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

সন্তোষ, টাঙ্গাইল-১৯০২।